গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল
পরিসংখ্যান ভবন, ৮ম তলা, ব্লক-এ
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬ (অংশ-১)- ০৮

তারিখ: ২৭ মাঘ, ১৪২৩ ব.
০৯ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রি.

বিষয়: জানুয়ারী ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৯/০১/২০১৭ খ্রি.
সময়	:	সকাল ১০.০০ টা
স্থান	:	বিবিএস এর সম্মেলন কক্ষ
সভাপতি	:	মোঃ আমীর হোসেন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির সম্মতিক্রমে পরিচালক (উপ-সচিব), (প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল) বিগত ২০/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার সিদ্ধান্তে কোন সংশোধনী না থাকায় কার্যক্রম দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা হয়।		কার্যক্রম দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	পরিশিষ্ট-'ক' মোতাবেক SSTI ৭টি অনিষ্পন্ন কাজ এবং ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং ৮টি অনিষ্পন্ন কাজ সম্পন্ন করেছে।	(১) অনিষ্পন্ন বিষয়ের সংখ্যা সংযুক্ত ছকে উল্লেখ করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে যথাসময়ে ব্যাখ্যা প্রদান করতে হবে। (২) সকল উইং প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উইং এর অনিষ্পন্ন কাজের তালিকা নির্দিষ্ট ছক (পরিশিষ্ট-'ক') মোতাবেক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেলে প্রেরণ করবেন। (৩) অনিষ্পন্ন কাজের তালিকা, বাস্তবায়ন এবং অগ্রগতির প্রতিবেদনের পরিশিষ্ট আকারে সংযুক্ত করতে হবে।	পরিচালক, সংশ্লিষ্ট উইং

নাজনীন
[illegible] খান
[illegible] কর্মকর্তা

মোঃ [illegible] ইসলাম
পরিসংখ্যান কর্মকর্তা

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৩)	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	পরিচালক (অর্থ),এফএ অ্যান্ড এমআইএস উল্লেখ করেন যে, বিগত ১১ বছর যাবৎ খুলনা ও ময়মনসিংহ বিভাগের সকল উপজেলা, জেলা ও বিভাগীয় অফিসে এবং দেশের অন্যান্য কিছুকিছু বিভাগীয়, জেলা ও উপজেলা অফিসে কোন অডিট হয়নি। এছাড়া তিনি সভায় জানান, সকল বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে ও উপজেলা পর্যায়ে ২০০৫ সালের পর থেকে অডিট আপত্তির তথ্য সরবরাহের জন্য পত্র প্রদান করা হয়েছে।	সকল বিভাগীয়/জেলা পরিসংখ্যান কার্যালয়ের কর্মকর্তাগণ নিজ উদ্যোগে পত্র প্রেরণের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা/বিভাগের অডিট আপত্তির নিষ্পত্তি সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করবেন। পরিচালক (অর্থ),বিভাগীয়/জেলা পরিসংখ্যান কার্যালয়ে পত্রের মাধ্যমে তা অবহিত করবেন।	পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস
(০৪)	বিভাগীয়/ কোর্ট মামলাসমুহ	মহাপরিচালক মহোদয় বলেন যে, মামলা সংক্রান্ত বিষয়ে কোন ব্যক্তি যেন ব্যক্তিগত আক্রোশের কারণে হয়রানির শিকার না হয় সে বিষয়ে যুগ্ম-পরিচালক, এফএ এন্ড এমআইএসকে নির্দেশনা প্রদান করেন। ৪৭টি মামলা প্রক্রিয়াধীন অবস্থায় আছে বলে উল্লেখ করা হয় ।	যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস মামলাসমূহ নিয়মিত তত্ত্বাবধান করবেন। মামলায় তারিখ নির্ধারিত হলে তা জরুরী ভিত্তিতে মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন। যে সকল মামলায় উকিল নিয়োগ করা হয়নি তার তালিকা প্রনয়ণ করে উকিল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস ও আইন কর্মকর্তা, এফএ অ্যান্ড এমআইএস
(০৫)	অকেজো গাড়ি নিলামে বিক্রয়	উপপরিচালক (যানবাহন) জানান, ৩টি অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আরো কিছু গাড়ী অকেজো অবস্থায় রয়েছে। তিনি আরও বলেন যে, উপজেলা পর্যায়ে যে সকল পুরাতন মোটর সাইকেল ও গাড়ী আছে তা নিলামে বিক্রয় করার জন্য তালিকা তৈরী করা প্রয়োজন।	অকেজো ও অমেরামতযোগ্য ৩টি গাড়ি নিলামে বিক্রয়ের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক, (যানবাহন), এফএ এ্যান্ড এমআইএস
(০৬)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	উপপরিচালক (যানবাহন) জানান,, সমাপ্ত প্রকল্পের ৫৯টি গাড়ী TNO ভুক্ত করার জন্য SID তে পত্র প্রেরণ করা হয়েছে। গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর করার জন্য জনপ্রশাসনে পত্র প্রেরণ করা হয়েছে।	আদমশুমারি ও গৃহগণনা ২০১১ সহ অন্যান্য সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তরের বিষয়টি নিয়মিত Follow up করতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক, (যানবাহন), এফএ অ্যান্ড এমআইএস
(০৭)	জলাবদ্ধতা নিরসন	উপপরিচালক (সমন্বয়) জানান, জলাবদ্ধতা নিরসন বিষয়ে গণপূর্ত-৩ এ চিঠি প্রেরণ করা হয়েছে। এছাড়াও পরিসংখ্যান ভবনের দেয়াল পরিকল্পনা কমিশনের আদলে পুনর্নির্মানের জন্য মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরে পত্র প্রেরণ করা হযেছে। SID-কর্তৃক পরিসংখ্যান ভবনে বাউন্ডারী দেয়ার জন্য গণপূর্ত-৩ এ চিঠি প্রেরণ করেছে। এ বিষয়ে গণপূর্ত বিভাগ আগ্রহ প্রকাশ করেছে ।	উপপরিচালক (সমন্বয়), কার্যক্রমটি বাস্তবায়নের জন্য জরুরী ভিত্তিতে যোগযোগ করবেন এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে নিয়মিত Follow up করবেন।	উপপরিচালক, (সমন্বয়), এফএ অ্যান্ড এমআইএস
(০৮)	উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ৪৬৭ টি ১ম শ্রেণির পদ সৃজন:	উপমহাপরিচালক মহোদয় জানান, উপজেলা পর্যায়ে ৪৬৭টি ১ম শ্রেণির পদ সৃজন বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে কার্যক্রম প্রক্রিয়াধীন অবস্থায় আছে।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে পরামর্শমূলক আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৯)	বিবিএস এর নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৩	উপপরিচালক (বিনিক) জানান যে, এ বিষয়ে নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারীর সমন্বয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে SID-এ একটি সভা অনুষ্ঠিত হয়েছে।	বিবিএস এর নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৩ বিষয়টি নিয়মিত Follow up করতে হবে এবং মহাপরিচালক মহোদয়কেও অবহিত করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১০)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন	উপপরিচালক (বিনিক) জানান যে, বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন করে এর খসড়া SID-এ পাঠানো হয়েছে। ইতোমধ্যে এ বিষয়ে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়নের বিষয়টি নিয়মিত Follow up করতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য দ্রুত সভা আহ্বান করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১১)	বিবিএস এর জনবল নিয়োগ	উপ-মহাপরিচালক জানান যে, বিবিএস এর জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময়সূচি আপাতত স্থগিত করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। বিনিক-৩, এ কমিটির সিদ্ধান্তক্রমে পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে বলে সভায় অবহিত করা হয়।	শীঘ্রই মৌখিক পরীক্ষার মাধ্যমে বিবিএস এর জনবল নিয়োগ এর কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ জন্য বিনিক-৩, এ কমিটির একটি সভা দ্রুত আহবান করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১২)	আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ	উপপরিচালক (বিনিক) জানান যে, আউট সোর্সিং এর মাধ্যমে লোক নিয়োগের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ অনুমোদন চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে । অনুমোদিত হলে ৩৬টি পদে আউট সোর্সিং পদ্ধতিতে ড্রাইভার নিয়োগ করা যেতে পারে।	ড্রাইভার পদ টি আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের বিষয়টি নিয়মিত Follow up করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১৪)	বিবিএস এর ৫৩৯টি পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ	বিবিএস এর ৫৩৯টি সহকারী পরিসংখ্যান কর্মকর্তার ৫৩৯টি পদ সংরক্ষণ সংক্রান্ত পত্র পাওয়া গেছে। স্থায়ীকরণের প্রক্রিয়া ও কার্যক্রম হাতে নেয়া হয়েছে।	বিবিএস এর ৫৩৯টি পদ সংরক্ষণ ও স্থায়ীকরণের অগ্রগতির বিষয়ে SID -এ Follow up করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১৫)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	মহাপরিচালক মহোদয় জানান যে, বিবিএস এর সকল উইং এ ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন। Computer Wing এর পরিচালক (অতিঃদায়িত্ব) জানান যে, ইতোমধ্যে বিবিএস এর Live Server এ এর কার্যক্রম চালু হয়েছে । ইন্ডাষ্ট্রি এন্ড লেবার উইং এর পরিচালক বলেন যে, ই-ফাইলিং প্রশিক্ষণ আরো Review করা প্রয়োজন।	লাইভ সার্ভারে ই-ফাইলিং কার্যক্রম শুরুর পূর্বে সকল কর্মকর্তা/কর্মচারীকে পুনরায় ই-ফাইলিং প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং প্রত্যেক উইংকে নিজ দায়িত্বে ই-ফাইলিং কার্যক্রম চালু করতে হবে।	পরিচালক (অতিঃ দায়িত্ব), কম্পিউটার উইং
(১৬)	ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত	কম্পিউটার উইং এর সিনিয়র প্রোগ্রামার বলেন যে, যে কোন অনুষ্ঠানের ছবি আপলোড করার ক্ষেত্রে অবশ্যই ছবি ক্যাপশন আকারে দিতে হবে। এক্ষেত্রে চট্টগ্রাম বিভাগের যুগ্মপরিচালক বলেন যে, বিডি ইনফ করতে (BD Info) সকলপ্রকল্পের সাম্প্রতিক ডাটা সংযুক্ত করা প্রয়োজন।	ওয়েব পোর্টালে আপলোডের জন্য ছবি ক্যাপশন সহ দিতে হবে এবং ক্যাপশন তৈরীর জন্য প্রকাশনা কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।	মোয়াজ্জেম হোসেন, সিনিয়র প্রোগ্রামার কম্পিউটার উইং এবং প্রকাশনা কর্মকর্তা বিবিএস
(১৭)	বিভাগীয়/জেলা কার্যালয়ে নিজস্ব ভবন স্থাপন	উপ-মহাপরিচালক জানান যে, ঢাকা বিভাগ ব্যতিত বাকী ০৭টি বিভাগীয় দপ্তরের নিজস্ব ভবন স্থাপনের ক্ষেত্রে নীতিগত সিদ্ধান্তের জন্য SID-এ একটি পত্র প্রেরণ করা যেতে পারে। এ ক্ষেত্রে পূর্বে প্রস্তুতকৃত DPP টি সংশোধন/পরিমার্জন করে নতুন	যুগ্ম-পরিচালক, এফএ এন্ড এমআইএস, ঢাকা ব্যতীত অন্যান্য ০৭টি বিভাগীয় অফিসের জন্য নিজস্ব ভবন নির্মাণ সংক্রান্ত একটি DPP প্রস্তুত করে দ্রুত উপস্থাপন করবেন।	যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		করে তৈরী করা যেতে পারে। রংপুর বিভাগের যুগ্মপরিচালক বলেন যে, বিভাগীয় অফিসগুলোতে Data Processing Center বিষয়ে একটি প্রজেক্ট গ্রহণ করা যেতে পারে।		
(১৮)	মাঠ পর্যায়ে কর্মকর্তাদের আলোচনা	ক) যুগ্ম-পরিচালক,বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় বরিশাল জানান যে, জেলা পর্যায়ে কর্মকর্তাদের মাঠে তথ্য সংগ্রহ করার জন্য সরকারী গাড়ী অত্যাবশ্যকীয়। খ) যুগ্ম-পরিচালক,বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় রাজশাহী জানান, পদোন্নতি প্রাপ্ত পরিচালকগণের দ্রুত পদোন্নতির জন্য মহাপরিচালক মহোদয়ের দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া বিভাগীয় অফিসগুলোতে নিরাপত্তার জন্য জরুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী নিয়োগ দেয়া বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ক)গাড়ী সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ)পরিচালকগণের পদোন্নতি দ্রুত ব্যবস্থা করতে হবে এবং আউট সোসিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক, (যানবাহন), এফএ অ্যান্ড এমআইএস পরিচালক,(প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

মোঃ আমিরুল ইসলাম
পরিসংখ্যান কর্মকর্তা

সুলতানা খান
পরিসংখ্যান কর্মকর্তা